(মোরা) জলে স্থলে কত ছলে মায়াজাল গাঁথি ।
(মোরা) স্বপন রচনা করি অলস নয়ন ভরি ।
গোপনে হৃদয়ে পশি কুহক-আসন পাতি ।
(মোরা) মদির-তরঙ্গ তুলি বসন্ত-সমীরে !
দুরাশা জাগায় প্রাণে প্রাণে, আধো-তানে ভাঙা গানে,
ভ্রমরগুঞ্জরাকুল বকুলের পাঁতি !
মোরা মায়াজাল গাঁথি ।
নরনারী-হিয়া মোরা বাঁধি মায়াপাশে ।
কত ভুল করে তারা,কত কাঁদে হাসে ।
মায়া করে ছায়া ফেলি মিলনের মাঝে,
আনি মান-অভিমান ।
বিরহী স্বপনে পায় মিলনের সাথী ।
মোরা মায়াজাল গাঁথি ।
চলো সখী, চলো ।
কুহক-স্বপন-খেলা খেলাবে চলো ।
নবীন হৃদয়ে রচি নব প্রেম-ছল,
প্রমোদে কাটাব নব বসন্তের রাতি ।
মোরা মায়াজাল গাঁথি ।

---

Parjaay: Mayar-Khela, Taal: Dadra, Raag: Pilu

Visit www.geetabitan.com for notation and other detail